

## September Cook-Off 2018

Problem Code : MAKPERM

### Make a permutation

তোমাকে একটা  $N$  দৈর্ঘ্যের পূর্ণসংখ্যার ধারা  $A$  দেওয়া আছে। এক চালে তুমি ধারার কোন এক উপাদান ইচ্ছামত যেকোন পূর্ণসংখ্যাতে বদলাতে পারবে। তোমাকে বলতে হবে সর্বনিম্ন কত চালে ঐ ধারাকে 1 থেকে  $N$  পর্যন্ত পূর্ণসংখ্যাগুলোর একটা পারমুটেশন বানানো যাবে।

#### ইনপুট:

- প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা  $T$  দেওয়া আছে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপরে  $T$  সংখ্যক টেস্টকেসের বিবরণ রয়েছে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা  $N$  থাকে।
- দ্বিতীয় লাইনে  $N$  সংখ্যক পূর্ণসংখ্যা  $A_1, A_2, \dots, A_N$  থাকে।

#### আউটপুট:

প্রত্যেক টেস্টকেসের জন্য এক লাইনে সর্বনিম্ন চাল সংখ্যা প্রিন্ট করতে হবে।

#### শর্তাবলি:

- $1 \leq T \leq 100$
- $1 \leq N \leq 10^5$
- সব টেস্টকেসের  $N$  এর যোগফল  $2 \cdot 10^5$  পার করবে না
- $1 \leq A_i \leq 10^9$

#### নমুনা ইনপুট :

```
2
4
1 2 3 3
3
2 6 2
```

**নমুনা আউটপুট :**

1

2

**ব্যাখ্যা:**

প্রথম কেস: একটা উপায় হল শেষের সংখ্যাটাকে 4 বানানো, ফলে ধারাটা হয়ে যাবে 1, 2, 3, 4  
যা একটা পারমুটেশন।

দ্বিতীয় কেস: প্রথম সংখ্যাকে 1 এবং দ্বিতীয় সংখ্যাকে 3 বানালে ধারাটা হবে 1, 3, 2 যা একটা  
পারমুটেশন।